**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# রিস্টোর নিউ ইয়র্কের দ্বিতীয় রাউন্ডের আবেদন উন্মুক্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***এই কর্মসূচি ক্ষতিগ্রস্ত হওয়া অবকাঠামো পুনর্নির্মাণ বা অপসারণ করে কমিউনিটি পুনরুজ্জীবিতকরণের প্রসার ঘটায়***

***30 নভেম্বরের মধ্যে অভিপ্রায়ের চিঠি জমা দিতে হবে; আবেদনপত্র এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রিস্টোর নিউ ইয়র্ক (Restore New York) বরাদ্দ কর্মসূচির দ্বিতীয় রাউন্ডের আবেদন এখন উন্মুক্ত করা হয়েছে। 250 মিলিয়ন ডলারের এই কর্মসূচি ক্ষতিগ্রস্ত হওয়া অবকাঠামো অপসারণ ও পুনর্নির্মাণের মাধ্যমে কমিউনিটির উন্নয়ন এবং আশেপাশের অঞ্চলের প্রবৃদ্ধিকে উৎসাহিত করে। অর্থায়নের এই রাউন্ড মিউনিসিপ্যালিটিগুলোর জন্য 150 মিলিয়ন ডলার বরাদ্দের ব্যবস্থা করে যা আবাসিক, বাণিজ্যিক এবং মিশ্র-ব্যবহারের ভবন ভেঙে ফেলা, পুনর্বাসন ও পুনরুদ্ধারের প্রতি মনোনিবেশ করে এমন প্রকল্পগুলিকে সহায়তা করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্তৃক পরিচালিত এই কর্মসূচি স্থানীয় সরকারকে তাদের কমিউনিটিগুলো পুনরুজ্জীবিত করতে এবং বাণিজ্যিক বিনিয়োগকে উৎসাহিত করতে, স্থানীয় হাউজিং স্টক উন্নত করতে, ট্যাক্স রোলে সম্পত্তিগুলো ফিরিয়ে আনতে, এবং স্থানীয় করের ভিত্তি বাড়াতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। 30 নভেম্বরের মধ্যে অভিপ্রায়ের চিঠি জমা দিতে হবে, এবং দ্বিতীয় রাউন্ডের আবেদনপত্র এখানে পাওয়া যাবে৷

"আমাদের কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করা শুরু হয় ঐতিহাসিক ভবনগুলোতে বিনিয়োগের মাধ্যমে যেগুলো দীর্ঘদিন ধরে আমাদের এলাকার মেরুদণ্ড এবং বৈশিষ্ট্য হয়ে আছে," **বলেছেন গভর্নর হোকল।** "রিস্টোর নিউ ইয়র্কের অর্থায়ন পরিত্যক্ত ও অবহেলিত সম্পত্তিকে আধুনিক, 21 শতাব্দীর ভবনে রূপান্তরিত করার জন্য এলাকাগুলোকে সংস্থান সরবরাহ করে। স্টেট জুড়ে কমিউনিটি পুনর্নির্মাণ এবং শক্তিশালী করতে সাহায্য করার মাধ্যমে, আমরা স্থানীয় অর্থনীতিকে উদ্দীপিত করবো এবং নিউ ইয়র্ককে আরো উন্নত ও শক্তিশালী করে তুলবো।"

রিস্টোর নিউ ইয়র্কের লক্ষ্য হলো আবাসিক, বাণিজ্যিক, এবং মিশ্র ব্যবহারের সম্পত্তিকে পুনর্গঠন করে বাসিন্দা ও ব্যবসাসমূহকে আকৃষ্ট করতে সাহায্য করা। প্রত্যেক প্রকল্পকে

আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Regional Economic Development Council, REDC) আঞ্চলিক কৌশলী পরিকল্পনার সাথে মানানসই হতে হবে এবং প্রকল্পগুলিকে হয় আশেপাশের এবং সংলগ্ন সম্পত্তিগুলির সাথে স্থাপত্যগত দিক দিকে সংগতিপূর্ণ হতে হবে বা মিউনিসিপ্যালিটির স্থানীয় পুনরুজ্জীবন বা শহুরে বিকাশ পরিকল্পনার সাথে সংগতিপূর্ণ হতে হবে।

তহবিল ব্যবহার করা যেতে পারে খালি, পরিত্যক্ত, নিন্দিত বা বাড়তি ভবনের জন্য ব্যবহার করা যাবে এবং এই সম্পত্তিগুলি ভেঙ্গে ফেলা, কিছু অংশ ভেঙ্গে নতুন করে করা, পুনর্বাসন বা পুনর্গঠন করা যাবে। জোর দেওয়া হবে অর্থনৈতিক ভাবে দৈন্যদশায় থাকা সম্প্রদায়সমূহের প্রকল্পসমূহে যেগুলি অন্য স্টেট বা ফেডারেল পুনর্গঠন তহবিল ব্যবহার করে এবং প্রকল্পের সম্ভাব্যতা এবং প্রস্তুত থাকার উপর।

যোগ্য আবেদনকারীদের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের অধীনস্থ কাউন্টি, শহর, টাউন এবং গ্রাম, নিম্নের নির্ণায়কের উপর ভিত্তি করে:

- 100,000-র বেশি জনসংখ্যার শহরগুলি একটি প্রকল্পের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে। তবে, এক মিলিয়নের বেশি জনসংখ্যার শহর এবং কাউন্টিকে অবশ্যই শহরের একটি দুর্দশাগ্রস্ত এলাকায় প্রকল্পের জন্য আবেদন করতে হবে
- 40,000 থেকে 99,999 জনসংখ্যার শহর এবং গ্রামগুলি একটি প্রকল্পের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে।
- অন্য সকল মিউনিসিপ্যালিটিগুলি একটি প্রকল্পের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সীমিত সংখ্যক বিশেষ অনুদান প্রদান করতে পারে। 100,000 বা তার কম জনসংখ্যার মিউনিসিপ্যালিটি এবং 400,000 বা তার কম জনসংখ্যার কাউন্টিগুলো উপরে তালিকাভুক্ত অর্থায়নের সীমা ছাড়াও দ্বিতীয় একটি পৃথক প্রকল্পের ক্ষেত্রে অথবা একটি বড় প্রকল্পের অংশের জন্য অতিরিক্ত 10 মিলিয়ন ডলারের জন্য আবেদন করতে পারবে৷ বিশেষ প্রকল্প হলো যেখানে কোনো সম্পত্তি কমিউনিটির জন্য গুরুতর অর্থনৈতিক ক্ষতির কারণ হয়, যা মারাত্মক বা মাঝারিভাবে দুর্দশাগ্রস্ত কোনো কমিউনিটির কেন্দ্রীয় ব্যবসায়িক ডিস্ট্রিক্টে অত্যন্ত দৃশ্যমান ও ক্ষতিগ্রস্ত সম্পত্তি ফেলে রাখে যা কমিউনিটির সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনার উপর হতাশাজনক প্রভাব ফেলে।

আবেদনের অভিপ্রায় ফরম বুধবার, 30 নভেম্বরের মধ্যে ESD-এর কাছে পৌঁছানো আবশ্যক এবং 27 জানুয়ারি, 2023 তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। কর্মসূচি ও শর্তাবলি সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন https://esd.ny.gov/restore-new-york।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "রিস্টোর নিউ ইয়র্ক মিউনিসিপ্যালিটিগুলোকে তাদের কমিউনিটির মধ্যে প্রকৃত পরিবর্তন করতে প্রয়োজনীয় সহায়তা দেয়, বিশেষ করে ডাউনটাউন সেন্টারগুলোতে। পুরানো ভবনকে পুনরুজ্জীবিতকরণ ও পুনর্বাসন করা হলো কোনো এলাকার হারানো অতীত ও ভবিষ্যত সম্ভাব্যতা উন্মোচন করার একটি উপায় এবং রিস্টোর নিউ ইয়র্ককের মাধ্যমে, অঞ্চলগুলো

তাদের কমিউনিটিকে রূপান্তরিত করার এবং নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করার একটি বাস্তব সুযোগ রয়েছে।"

**স্টেট সিনেটর অ্যানা এম. কাপলান বলেন,** "ক্ষতিগ্রস্ত অবকাঠামো আমাদের কমিউনিটির জন্য একটি ক্ষত এবং স্থানীয় রিসোর্সের উপর একটি বোঝা, তাই প্রতিবার যখনই আমরা কোনো সম্পত্তিকে পুনরুজ্জীবিত করতে পারি এবং ট্যাক্স রোলে এটি ফিরিয়ে আনতে পারি, এটি আমাদের সকলের জন্য একটি বিজয়। রিস্টোর NY কর্মসূচি জীর্ণতা মোকাবেলা করবে এবং আমাদের কমিউনিটিকে মহামারীকাল থেকে পুনরুদ্ধারে সাহায্য করবে এবং আমি প্রতিটি মিউনিসিপ্যালিটিকে আরো জানতে এবং নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করার জন্য অর্থায়নের আবেদন করার আহ্বান জানাচ্ছি।"

**অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন,** "রিস্টোর NY দ্রুতই স্থানীয় সরকারগুলোর জন্য তাদের কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার জন্য আমাদের সর্বশ্রেষ্ঠ রিসোর্সের মধ্যে একটি হয়ে উঠছে। অ্যাসেম্বলির অর্থনৈতিক উন্নয়ন কমিটির সভাপতি হিসেবে আমি জানি যে আমাদের স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করতে কমিউনিটি উন্নয়ন এবং আঞ্চলিক উন্নয়ন কতটা গুরুত্বপূর্ণ। আমাদের পরিবারের জন্য আমাদের কমিউনিটিগুলোকে নতুন করে গড়ে তোলার জন্য আমি গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে তাদের কাজের জন্য সাধুবাদ জানাই। আমি আশা করি সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করতে সাহায্য করার জন্য আমরা একসাথে এই তহবিল ব্যবহার করবো।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ESD ঋণ, অনুদান, কর ক্রেডিট এবং অন্যান্য ধরনের আর্থিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বেসরকারি ব্যবসায়িক বিনিয়োগ বৃদ্ধি ও বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং সমৃদ্ধ সম্প্রদায়কে সমর্থন করার জন্য কাজ করছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, regionalcouncils.ny.gov এবং esd.ny.gov ওয়েবসাইট দেখুন।

###